

প্রথম আলো


রোববার, ১৬ সেপ্টেম্বর ২০১২

আটলান্টিকে আর্মস্ট্রংয়ের দেহভস্ম

চাঁদের মাটিতে অবতরণকারী প্রথম নভোচারী নিল আর্মস্ট্রংয়ের দেহভস্ম আটলান্টিক মহাসাগরে ভাসিয়ে দেওয়া হয়েছে। মার্কিন নৌবাহিনীর একটি রণতরি থেকে গত শুক্রবার রাষ্ট্রীয় মর্যাদায় তাঁর দেহভস্ম ভাসিয়ে দেওয়া হয়। এ সময় তাঁর স্ত্রী ক্যারোল আর্মস্ট্রং উপস্থিত ছিলেন। গতকাল নাসা এ কথা জানিয়েছে।

গত ২৫ আগস্ট মৃত্যুবরণ করেন আর্মস্ট্রং।

এর আগে গত বৃহস্পতিবার ওয়াশিংটনের ন্যাশনাল ক্যাথেড্রালে তাঁর স্মরণসভা অনুষ্ঠিত হয়। এতে শত শত মানুষ অংশ নেয়। সিএনএন।



আর্মস্ট্রংয়ের দেহভস্ম সাগরে ভাসিয়ে দিচ্ছেন তাঁর স্ত্রী ক্যারোল আর্মস্ট্রং ও নৌবাহিনীর এক কর্মকর্তা ● নাসার প্রকাশিত ছবি